গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(সাধারণ শাখা)
www.kurigram.gov.bd

বিষয়: ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২০ পালন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি: মোছা: সুলতানা পারভীন
জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট
কুড়িগ্রাম।

তারিখ: ০৪ মার্চ ২০২০ খ্রি.।
সময়: বেলা-১১.৩০ ঘটিকা।
স্থান: জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ।

সভায় উপস্থিতি: পরিশিষ্ট - ক

সভাপতি সভার প্রারম্ভে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ৩০ লক্ষ শহীদের আত্মার প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে এবং উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভা শুরু করেন। অতঃপর মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২০ জানুয়ারি, ২০২০ খ্রি. তারিখ অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় যার স্মারক নং ৪৮.০০.০০০০.০০১.২৩.০১.২০২০-১০ তারিখ ১০ ফেব্রুয়ারি ২০২০। ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২০ সুষ্ঠুভাবে পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে স্থানীয় কর্মসূচি প্রণয়নে সকলকে মতামত প্রদানের অনুরোধ জানানো হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত কর্মসূচি গ্রহণের সর্মসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃ নং | তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | ব্যবস্থাপনায় |
|---|---|---|---|---|
| ০১. | ০১-০৩-২০২০ থেকে ২৫-০৩-২০২০ পর্যন্ত | স্কুল/কলেজ/মাদ্রাসাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের কন্ঠে ২৫ মার্চ গণহত্যার স্মৃতিচারণ ও আলোচনা সভা | স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান | ১। জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম<br>২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুড়িগ্রাম<br>৩। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), কুড়িগ্রাম |
| ০২. | ২৫-০৩-২০২০ বিকাল ০৫.৩০ | গণহত্যার উপর দুর্লভ আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শনী | স্বাধীনতার বিজয়স্তম্ভ চত্বর, কুড়িগ্রাম | জেলা তথ্য অফিসার, কুড়িগ্রাম |
| ০৩. | ২৫-০৩-২০২০ সন্ধ্যা ০৬.৪৫ | ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষে মোমবাতি প্রজ্জলন | স্বাধীনতার বিজয়স্তম্ভ চত্বর, কুড়িগ্রাম | জেলা প্রশাসন, কুড়িগ্রাম |
| ০৪. | ২৫-০৩-২০২০ সুবিধাজনক সময়ে | ২৫ মার্চের রাতে নিহতদের স্মরণে বিশেষ মোনাজাত/ প্রার্থনা | সকল ধর্মীয় উপাসনালয় | ১। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, কুড়িগ্রাম<br>২। সভাপতি, হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান ঐক্য পরিষদ, কুড়িগ্রাম |
| ০৫. | ২৫-০৩-২০২০ সন্ধ্যা ০৭.৩০ | ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষে আলোচনা সভা | স্বাধীনতার বিজয়স্তম্ভ চত্বর, কুড়িগ্রাম | জেলা প্রশাসন, কুড়িগ্রাম |
| ০৬. | ২৫-০৩-২০২০ (রাত ০৯-০০ থেকে ০৯-০১ মিনিট পর্যন্ত) | প্রতীকি ব্ল্যাক-আউট ০১ (এক) মিনিটের জন্য (কেপিআই/জরুরি স্থাপনা/চলমান যানবাহন ব্যতীত) | স্বাধীনতার বিজয়স্তম্ভ চত্বর, কুড়িগ্রাম | ১। জেলা প্রশাসন, কুড়িগ্রাম<br>২। পুলিশ সুপার, কুড়িগ্রামের প্রতিনিধি<br>৩। নির্বাহী প্রকৌশলী নেসকো লি:, কুড়িগ্রাম<br>৪। জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কুড়িগ্রাম |

২৫ মার্চ গণহত্যা দিবস ২০২০ পালন উপলক্ষে গৃহীত কর্মসূচিসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২০ পালন উপলক্ষে গৃহীত কর্মসূচিসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে সকল বিষয়ে সমন্বয় করবেন।

২. প্রত্যেক সরকারি কর্মকর্তা-কর্মচারী ২৫ মার্চ গণহত্যা দিবসের প্রতিটি কর্মসূচিতে স্বত:স্ফূর্তভাবে অংশগ্রহণ করবেন এবং অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনসহ প্রয়োজনীয় সহযোগিতা করবেন।

৩. ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২০ পালন উপলক্ষে সকল কর্মসূচিতে আইন-শৃঙ্খলা বজায় রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ সুপার, কুড়িগ্রামকে অনুরোধ করা হলো।

৪. কুড়িগ্রাম সদর উপজেলা জেলা প্রশাসন কর্তৃক গৃহীত সকল কর্মসূচির সাথে সম্পৃক্ত হয়ে দিবসটি পালন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৫. কুড়িগ্রাম সদর উপজেলা ব্যতীত অন্যান্য সকল উপজেলায় সরকারি কর্মসূচির আলোকে যথাযোগ্য মর্যাদার সাথে ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২০ পালনের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল) ও উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ করা হয়।

৬. গৃহীত কর্মসূচিসমূহ বহুল প্রচার ও সকল কর্মসূচিতে মাইক সরবরাহ করার জন্য জেলা তথ্য অফিসার, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

৭. ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২০ পালন উপলক্ষে স্বাধীনতার বিজয়স্তম্ভ, শহীদ মুক্তিযোদ্ধা স্মৃতিফলক ও মুক্তিযোদ্ধা স্মৃতিসৌধ, কেন্দ্রীয় শহীদ মিনার, কুড়িগ্রাম পরিস্কার পরিচ্ছন্নসহ সুসজ্জিত রাখা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, কুড়িগ্রাম পৌরসভাকে বিশেষভাবে অনুরোধ করা হয়।

৮. ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২০ পালন উপলক্ষে ২৫-০৩-২০২০ খ্রি. তারিখ (রাত ০৯-০০ থেকে ০৯-০১ মিনিট পর্যন্ত) ০১ (এক) মিনিটের জন্য প্রতীকি ব্ল্যাক-আউট পালনের জন্য নির্বাহী প্রকৌশলী নেসকো লি:, কুড়িগ্রাম ও জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় কুড়িগ্রামের সর্বস্তরের জনসাধারণসহ সকল সরকারি কর্মকর্তা-কর্মচারীকে ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২০ এর প্রত্যেকটি কর্মসূচিতে স্বত:স্ফূর্তভাবে অংশগ্রহণের উদাত্ত আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৪/০৩/২০২০

(মোছা: সুলতানা পারভীন)
জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট
কুড়িগ্রাম
ও
সভাপতি
২৫ মার্চ গণহত্যা দিবস ২০২০ পালন কমিটি।

স্মারক নং - ০৫.৪৭.৪৯০০.০০৩.০২.০৪৫.২০- ২২১ (২০০)

তারিখ: ২০ ফাল্গুন ১৪২৬ / ০৪ মার্চ ২০২০

অনুলিপি:

১. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।

২. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

৩. ..............................................................
..............................................................
..............................................................কুড়িগ্রাম।

০৪/০৩/২০২০

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট
কুড়িগ্রাম।